মেহেরপুরে সড়ক দুর্ঘটনায় ক্ষতিগ্রস্ত পরিবারের মাঝে চেক বিতরণ

মেহেরপুরে সড়ক দুর্ঘটনায় ক্ষতিগ্রস্ত পরিবারের জন্য বরাদ্দকৃত ৩৮ লাখ টাকার চেক বিতরণ করা হয়েছে। গতকাল বুধবার বিকাল তিনটার সময় মেহেরপুর জেলা প্রশাসক কার্যালয়ের সম্মেলন কক্ষে আনুষ্ঠানিক ভাবে এ চেক বিতরণ করা হয়।

চেক বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুরের অতিরিক্ত জেলা প্রশাসক ভারপ্রাপ্ত স্থানীয় সরকার বিভাগের উপ-পরিচালক মোঃ তরিকুল ইসলাম। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক শিক্ষা ও আইসিটি, অতিরিক্ত জেলা প্রশাসক রনি আলম নূর।

এছাড়া আরও উপস্থিত ছিলেন জেলা সিভিল সার্জনের প্রতিনিধি ডা. ইনজামুল হক, জেলা পুলিশ সুপারের প্রতিনিধি ইন্সপেক্টর বজলুর রহমান, মেহেরপুর সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তার প্রতিনিধি এসআই অরুণ কুমার দাস, গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা বানি ইয়ামিন, জেলা বিআরটিএ ইন্সপেক্টর জিয়াউর রহমান, জেলা বিআরটি এর কম্পিউটার অপারেটর নাসরিন আক্তার।

অনুষ্ঠানে সড়ক দুর্ঘটনায় নিহত ৭ জনের পরিবারের প্রত্যেককে ৫ লাখ টাকা করে মোট ৩৫ লাখ টাকা এবং গুরুতর আহত ও অঙ্গহানি হওয়া একজনকে ৩ লাখ টাকা ক্ষতিপূরণ হিসেবে প্রদান করা হয়।

সড়ক পরিবহন আইন ২০১৮-এর ধারা ৫৩ অনুযায়ী গঠিত সহায়তা তহবিল থেকে ক্ষতিপূরণ বা প্রযোজ্য চিকিৎসা খরচ পাওয়ার জন্য ৩০ দিনের মধ্যে আবেদন করার আহ্বান জানিয়েছেন জেলা বিআরটিএ।

গাংনীতে সড়ক দুর্ঘটনায় দুই কলেজ ছাত্র নিহত

মেহেরপুরের গাংনীতে সড়ক দুর্ঘটনায় দুই কলেজ ছাত্র নিহত হয়েছেন। নিহতরা হলেন, গাংনী উপজেলার পীরতলা গ্রামের সৌদি প্রবাসী আলেক হোসেনের ছেলে সিয়াম হোসেন (১৮) ও একই গ্রামের আরেক সৌদি প্রবাসী সোহরাব হোসেন ওরফে সেন্টুর ছেলে আব্দুল্লাহেল বাকী (১৮)। নিহতরা দুজনেই কুষ্টিয়া ইসলামিয়া কলেজের একাদশ শ্রেনীর ছাত্র।

বুধবার (৮ জানুয়ারী) বেলা সাড়ে তিনটার দিকে মেহেরপুর-কুষ্টিয়া আঞ্চলিক মহাসড়কের গাংনী উপজেলার আকুবপির গ্রামের জোয়াদ্দার ইটভাটার নিকট এই দুর্ঘটনা ঘটে। গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) বানারুল ইসলাম এই তথ্য নিশ্চিত করেন।

প্রত্যক্ষদর্শীদের বরাত দিয়ে ওসি বানী ইসরাইল বলেন, মোটরসাইকেল যোগে নিহতরা কুষ্টিয়া যাচ্ছিলেন। এসময় কুষ্টিয়া থেকে ছেড়ে আসা রফরফ পরিবহন (যার নং কক্সবাজার জ-০৪-০০২১) নামের যাত্রীবাহি একটি লোকাল বাসের সাথে মুখোমুখি সংঘর্ষ হয়। এতে ঘটনাস্থলেই মারা যায় সিয়াম হোসেন। এছাড়া গুরুতর আহত হয় অপর সঙ্গী আব্দুল্লাহ হেল বাকী। তাকে উদ্ধার করে কুষ্টিয়া জেনারেল হাসপাতালে নিলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃতু ঘোষণা করেন।

এদিকে স্থানীয়রা ঘাতক বাসটিকে আটক করে থানা পুলিশে সোপর্দ করেছেন। ওসি বানী ইসরাইল জানান, নিহতদের মরদেহ উদ্ধার করে মেহেরপুর ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালে নেওয়ার প্রস্তুতি চলছে। এছাড়া বাসটিকে থানায় নেয়াা হবে।